# নবম শ্রেণির ভূগোল পাঠ্যপুস্তক বিশ্লেষণ

**বর্ণালী হাঁসদা[১] এবং তুহিনা বেগম[২]**

বি.এড. বিভাগ

বিজয়কৃষ্ণ গার্লস কলেজ, হাওড়া

৫/৩, মহাত্মাগান্ধীরোড, হাওড়া, পশ্চিমবঙ্গ – ৭১১১০১, ভারতবর্ষ

[১]barnalihansda90@gmail.com [২]tuhinabegum88@gmail.com

## সারসংক্ষেপ

পাঠ্যপুস্তকএকটি নির্দিষ্ট বিষয়ের অন্তর্গত বিষয় অনুযায়ী তথ্যভিত্তিক পাঠ্যবিষয়মূলক উপকরণ। একটি উপযুক্ত উন্নতমানের পাঠ্যপুস্তকের উপর সামগ্রিক শিক্ষণ ও শিখন প্রক্রিয়া নির্ভরশীল।পাঠ্যপুস্তক বিশ্লেষণ একটি গুরুত্বপূর্ণ বিষয়।নবম শ্রেণির ভূগোল পাঠ্যপুস্তক "প্রাক-মাধ্যমিক আধুনিক ভূগোল ও পরিবেশ"; এই পুস্তকটি বিশ্লেষণের জন্য নির্বাচন করা হয়েছে। এই গবেষণার উদ্দেশ্য পাঠ্যপুস্তকটির আভ্যন্তরীণ ও বাহ্যিক বিষয়বস্তু সম্পর্কে ইতিবাচক ও নেতিবাচক দিকগুলো তুলে ধরা এবং নির্বাচিত পুস্তকটি শিক্ষার্থীর কাছে আরও উন্নতমানের করে তোলার জন্য কিছু সুপারিশ সমূহ প্রদান করা। পাঠ্যপুস্তকটি সহজ, সরল ও সাবলীল ভাষায় উপস্থাপিত। ধারণা গঠনে পুস্তকটি ভালো মানের যা শিক্ষার্থীর কাছে বোধগম্য হয়ে উঠেছে। ইংরেজি টার্ম বন্ধনীর মধ্যে উল্লেখিত এবং নতুন শব্দ ও তথ্য আলাদা করে রঙের ব্যবহারে দৃষ্টিগোচর হয়েছে। আবহবিকার অধ্যায়ে শল্কমোচনের ও ক্ষুদ্রকণা বিসরণ এর ছবি অস্পষ্ট। পুস্তকটির বাধাই দুর্বল প্রকৃতির যা সহজে ছিঁড়ে যেতে পারে।

**সূচকশব্দ :** পাঠ্যপুস্তক, নবমশ্রেণি, আভ্যন্তরীণ বিষয়বস্তু।

## ক. ভূমিকা

পাঠ্যপুস্তক একটি নির্দিষ্ট বিষয়ের অন্তর্গত বিষয় অনুযায়ী তথ্যভিত্তিক পাঠ্যবিষয়মূলক উপকরণ। যা কোন বিষয় সম্পর্কে তথ্য ও পদ্ধতি অধ্যায়নের জন্য শিক্ষাপ্রতিষ্ঠানে বিভিন্নস্তরে পাঠ্যপুস্তক হিসাবে নির্ধারিত হয়। বিদ্যালয়ের পঠন-পাঠন স্বাভাবিক নিয়মে পরিচালনার ক্ষেত্রে পাঠ্যপুস্তকের অবদান খুবই গুরুত্বপূর্ণ। সময় উপযোগী শিক্ষায় শিক্ষার্থীদের শিক্ষিত করে তোলাই এর মূল উদ্দেশ্য। শিক্ষার্থীদের সামাজিক সচেতনতা, মূল্যবোধ, সৃজনশীল চিন্তাভাবনা গড়ে তুলতে এবং মানসিক, বৌদ্ধিক ও সার্বিক বিকাশে সাহায্য করে। একটি উপযুক্ত উন্নতমানের পাঠ্যপুস্তকের উপর সামগ্রিক শিক্ষণ ও শিখন প্রক্রিয়া নির্ভরশীল। সুতরাং পাঠ্যপুস্তক নির্বাচনের পূর্বে পাঠক্রম পাঠ্যসূচি অনুযায়ী কতখানি যথাযথ এবং তার গ্রহণযোগ্যতা পাঠ্যপুস্তক বিশ্লেষণের মাধ্যমেই জানা সম্ভব। পাঠ্যপুস্তক বিশ্লেষণ হল কোন একটি নির্ধারিত নির্দিষ্ট পাঠ্যপুস্তকটির অন্তর্ভুক্ত বিষয় সমূহের পর্যায় ক্রমিকভাবে বিস্তারিত বিশ্লেষণ করা এবং গুণগতমান গুলো তুলে ধরা। এখানে নবম শ্রেণির ভূগোল পাঠ্যপুস্তকটি শিক্ষার্থীদের

কাছে কতখানি উপযোগী হয়ে উঠেছে তা বিশ্লেষণের মাধ্যমে উপস্থাপিত করা। পুস্তকটির আভ্যন্তরীণ বিষয় এবং বাহ্যিক বিষয়বস্তু সম্পর্কে বিশ্লেষণমূলক আলোচনা করা হয়েছে।

## খ . উদ্দেশ্য

- পাঠ্যপুস্তকটির আভ্যন্তরীণ বিষয়বস্তু সম্পর্কে ইতিবাচক ও নেতিবাচক দিকগুলো তুলে ধরা।
- পাঠ্যপুস্তকটির বাহ্যিক বিষয়বস্তু সম্পর্কে ইতিবাচক ও নেতিবাচক দিকগুলো তুলে ধরা।
- নির্বাচিত পুস্তকটি শিক্ষার্থীর জন্য আরও উন্নতমানের করে তোলার জন্য কিছু সুপারিশ সমূহ প্রদান করা।

## গ. নির্বাচিত পাঠ্যপুস্তক

নবম শ্রেণির ভূগোল পাঠ্যপুস্তক “প্রাক- মাধ্যমিক আধুনিক ভূগোল ও পরিবেশ” নামক পুস্তকটি নির্বাচন করা হয়েছে, পুস্তকটির গ্রন্থকার হলেন রণজিৎ গরাং, T.B. NO.: WBBSE/GEOE(B) IX/2017/T09/16 Dated:-01-11-2017 প্রান্তিক প্রকাশনী দ্বারা প্রকাশিত হয় জানুয়ারি ২০১৮ সালে।

## ঘ. পাঠ্যপুস্তকটির আভ্যন্তরীণ বিষয়সমূহের বিশ্লেষণ

পাঠ্যপুস্তকটির বিষয়বস্তু নির্বাচন, ভাষাগত স্তর, ধারনাগত দিক, বিষয়বস্তুর সাংগঠনিক অবস্থান, বিষয়বস্তুর উপস্থাপনা, অধ্যায়ের সমস্ত বিষয় বস্তুর চিত্র ও উদাহরণ সহ ব্যাখ্যা, রচনাশৈলি, অনুশীলণী ইত্যাদি বিশ্লেষণের মাধ্যমে নির্বাচিত পাঠ্যপুস্তকের আভ্যন্তরীণ তথ্য বিশ্লেষণ করা হল।

**বিষয়বস্তু নির্বাচন** –

- পাঠ্যবিষয়ের প্রয়োজনীয়তা অনুযায়ী সমস্ত বিষয় সুস্পষ্টভাবে উপস্থাপিত।
- আলোচ্যবিষয় ও তার প্রাসঙ্গিকতা মোটামুটি ভালো মানের।

**ভাষাগত স্তর** –

- পাঠ্যপুস্তকটি সহজ সরল ও সাবলীল ভাষায় উপস্থাপিত।
- কোন কঠিন বাক্যের ব্যবহার নেই।

**ধারণা গত দিক** –

- ধারণা গঠনে পুস্তকটি ভালো মানের যা শিক্ষার্থীর কাছে বোধগম্য হয়ে উঠেছে।
- নতুন ধারণা বিকাশের দৃষ্টান্ত ও বিশ্লেষণ মধ্যম মানের।

**বিষয়বস্তুর সাংগঠনিক অবস্থান**-

- পুস্তকটির সমস্ত অধ্যায়ের একক ও উপ একক সুবিন্যস্তভাবে উপস্থাপিত।

- সমস্ত বিষয়ের শিরোনাম ও উপশিরোনাম যথাযথভাবে উপযুক্ত।
- ভুমিকা, বিষয় সমূহের বৈশিষ্ট্য, চিত্রসহ ব্যাখ্যা, সর্বত্র উল্লেখিত হয়নি।
- পাঠ্যপুস্তকটির বিষয়গুলো সহজ থেকে কঠিনে সাজানো।

**বিষয়বস্তুর উপস্থাপনা** -

- পুস্তকটির প্রাক মাধ্যমিক আধুনিক ভূগোল ও পারিবেশ নামকরণটি উপযুক্ত হলেও শিরোনামটি আকর্ষণীয় হয়ে উঠেনি।
- আলোচ্য বিষয়ের সর্বত্র ব্যাখ্যা মধ্যম মানের যা শিক্ষার্থীর আগ্রহ ও প্রেষণা অনুধাবনে সহায়ক নয়।

**রচনাশৈলি** –

- পুস্তকটির ধারনা প্রকাশে বিষয়বস্তুর ব্যাখ্যা স্পষ্টভাবে বর্ণিত।
- সহজ ও সরল ভাষায় রচিত।
- ইংরেজি টার্মবন্ধনীর মধ্যে উল্লেখিত এবং নতুন শব্দ ও তথ্য আলাদা করে রঙের ব্যবহারে দৃষ্টি গোচর হয়েছে।

**অনুশীলনী** –

- প্রত্যেক অধ্যায়ের শেষে অনুশীলনীর জন্য প্রশ্ন উল্লেখিত।
- কয়েকটা অধ্যায়ে প্রশ্নের মান কম আছে সেগুলোর সংখ্যা আরও বেশি থাকলে শিক্ষার্থীর মূল্যায়নে সুবিধা হত।

## ঙ. পাঠ্যপুস্তকটির বাহ্যিক বিষয় সমূহের বিশ্লেষণ

**কভারপেজ** –

- সাদা রঙের পাতার উপর বিভিন্ন ধরণের ছবির ব্যবহার করাই আকর্ষণীয় হয়ে উঠেছে।
- পুস্তকটির নাম, লেখকের এবং শ্রেণির নাম আলাদা রঙের উপর লেখা আছে , যা শিক্ষার্থীর কাছে সহজে দৃষ্টি গোচর হয়েছে।

**পুস্তকটির মুদ্রণ** –

- পুস্তকটিতে কালো কালিতে সামগ্রিক বিষয় লেখা হয়েছে; শিরোনাম ও উপ শিরোনাম আলাদা রঙিন কালির ব্যবহার করা হয়েছে।
- প্রত্যেকটা লেখা সমান মাপের প্রিন্টিং হয়েছে ও ছবিগুলো কালার প্রিন্টিং হওয়াই বেশ আকর্ষণীয় হয়েহে।

**পুস্তকটির পৃষ্ঠা** –

- পুস্তকটির পাতা মাঝারি ধরণেরর ব্যবহার করা হয়েছে।

**পুস্তকটির মূল্য** –

- বইটির মূল্য ৯০ টাকা, যা আর একটু অল্প দাম হলে সমস্ত শিক্ষার্থীর পক্ষে কেনা সুবিধা হত।

**পুস্তকটির বাঁধাই** –

- পুস্তকটি আঠা দিয়ে বাঁধানো ; খুব বেশী শক্ত ও দৃঢ় নয়।

**চ. পাঠ্য পুস্তকটির সার্বিক মন্তব্য** – পাঠ্যপুস্তকটির আভ্যন্তরীণ ও বাহ্যিক সমূহের সার্বিক মন্তব্য আলোচিত করা হল –

| আভ্যন্তরীণ বিষয়সমূহ | | উৎকৃষ্ট | মধ্য | নিম্ন |
|---|---|---|---|---|
| বিষয়বস্তু নির্বাচন | উদ্দেশ্যভিত্তিক ও প্রাসঙ্গিক , আধুনিক তথ্য উল্লেখ, পুস্তকটির আধুনিকতা মধ্যম মানের। | | মধ্য | |
| ভাষাগত স্তর | ভাষা সহজ সরল সাবলীল; কঠিন বাক্যের ব্যবহার নেই। | উৎকৃষ্ট | | |
| ধারণা গত দিক | বিষয়বস্তুর দৃষ্টান্ত ও বিশ্লেষণ ভাল মানের। | উৎকৃষ্ট | | |
| বিষয়বস্তুর সাংগঠনিক অবস্থান | শিরোনাম ও উপ শিরোনাম অনুযায়ী বিষয়গুলোর অবস্থান সুবিন্যস্ত। | উৎকৃষ্ট | | |
| বিষয়বস্তুর উপস্থাপনা | অধ্যায়ের সমস্তবিষয় সমূহের সংজ্ঞা, উদাহরণসহ ব্যখ্যা, চিত্র ও মানচিত্রের আছে ; কিছু আলোচ্য বিষয়ের ব্যবহৃত চিত্র অস্পষ্ট ও ছোট আকারের। | | মধ্য | |
| রচনাশৈলি | ইংরেজি টার্ম ও নতুন তথ্য রং দ্বারা চিহ্নিত; সহজ সরল বাক্যের ব্যবহার। | উৎকৃষ্ট | | |
| অনুশীলনী | অধ্যায় গুলির শেষে প্রশ্নের উল্লেখ , কিছু আলোচ্য বিষয়ের প্রশ্নের মান কম। | | মধ্য | |
| বাহ্যিক বিষয়সমূহ | | উৎকৃষ্ট | মধ্য | নিম্ন |
| পুস্তকটির কভারপেজ | সাদা রঙের পাতায় বিভিন্ন ধরনের ছবির ব্যবহার, বইটির নাম, লেখকের নাম ও শ্রেণির উল্লেখ আছে। | | মধ্য | |
| পুস্তকটির মুদ্রণ | পুস্তকটির মুদ্রণ আকর্ষণীয়, প্রত্যেকটির লেখা সমান মাপের। | উৎকৃষ্ট | | |
| পুস্তকটির পৃষ্ঠা | পুস্তকটির পৃষ্ঠা মধ্যমানের। | | মধ্য | |
| পুস্তকটির মূল্য | বইটির মুল্য ৯০ যা স্বল্প হলে সমস্ত শিক্ষার্থীর কিনতে সামর্থ্য হত। | | | নিম্ন |

| | | | | |
|---|---|---|---|---|
| পুস্তকটির বাঁধাই | আঠা দিয়ে বাঁধানো হওয়ায় পুস্তকটি দুর্বল প্রকৃতির। | | | নিম্ন |

## ছ. পুস্তকটির ত্রূটিগত দিক

- পাঠ্যাংশের সমস্ত বিষয়গুলো লেখকের উল্লেখিত বিভিন্ন তথ্য ও তার দৃষ্টিভঙ্গি সম্পূর্ণ ঠিক কিন্ত বিশ্লেষণের মাধ্যমে বোঝা যাচ্ছে পাঠ্যপুস্তকটির গুণগত মান মাঝারি ধরণের।
- উপস্থাপিত আভ্যন্তরীণ বিষয়বস্তুর ব্যবহৃত চিত্রসমূহ মধ্যমানের ও অস্পষ্ট।অধ্যায় ৪ এর ত্রিমাত্রিক লাভাঘটিত মালভূমির ছবি যথাযথভাবে উপযুক্ত নয়।
- আবহবিকার অধ্যায়ে শল্কমোচনের ও ক্ষুদ্রকণা বিসরণ এর ছবি অস্পষ্ট।
- ভারতের সম্পদ অধ্যায়ে ব্যবহৃত মানচিত্রগুলো ছোট আকারের। আলোচ্য বিষয়বস্তু সংক্ষেপে বর্ণিত করা হয়েছে।
- মানচিত্র ও স্কেল নামক আলোচ্য বিষয় খুবই সংক্ষেপে উপস্থাপিত।ব্যবহৃত টোপোগ্রাপিক্যাল মানচিত্র অস্পষ্ট এবং স্কেলের বিকল্প পদ্ধতির অঙ্কের উল্লেখ করা নেই।
- পুস্তকটিতে আধুনিক নতুন শব্দ ও নতুন তথ্য, ইংরেজি টার্মের ব্যবহার খুব বেশি করা হয়নি।
- পুস্তকটির বাধাই দুর্বল প্রকৃতির যা সহজে ছিঁড়ে যেতে পারে।

## জ. সুপারিশসমূহ

- পাঠ্যপুস্তকের ব্যবহৃত চিত্র ও মানচিত্র আর ও উন্নতমানের করতে হবে।
- নতুন শব্দ, নতুন আধুনিক তথ্য, ইংরেজি টার্মের ব্যবহার যথাযথ ভাবে আরও বেশি করে তুলে ধরতে হবে।
- ভূগোলের ব্যবহারিক অঙ্ক ও তার সমাধান সহজভাবে উল্লেখ করতে হবে।
- পুস্তকটির বাঁধাই মজবুত করতে হবে।

## ঝ. উপসংহার

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদের নব প্রবর্তিত পাঠ্যসূচি অনুসারে লিখিত। সহজ ,সরলভাষায় ভূগোলের সমস্ত আলোচ্য বিষয়গুলির উপস্থাপনার জন্য শিক্ষার্থীর অধ্যায়নে সহজ হয়ে উঠেছে।সামগ্রিক বিষয় বস্তুকে গুরুত্ব সহকারে সংজ্ঞা, উদাহরণসহ ব্যখ্যা, ডায়াগ্রাম, চিত্র ও মানচিত্রের মাধ্যমে বিশ্লেষিত হওয়ায় শিক্ষার্থীর কাছে বোধগম্য হয়ে উঠেছে।শিক্ষার্থীর প্রয়োজনীয় মূলবিষয়গুলো চারপাশের পরিবেশের বাস্তব উদাহরণ ও চিত্রসহ দ্বারা বর্ণিত ; যা শিক্ষার্থীর শিক্ষণ ও শিখন সহায়ক হয়ে উঠেছে।

## গ্রন্থপঞ্জি

১. Sharma, R. (2017). Content analysis of 6th grade ncert science textbook to study the scope of developing desirable values in students. *Scholarly Research Journal Interdisciplinary Studies*, 8319-8330.

২. Textbook. Retrived from https://en.m.wikipedia.org/wiki/Textbook.

৩. Fuyudloturromaniyyah, N. (2015). A textbook analysis : an in-depth analysis of activities in scientific approach's perspective in efl textbook for seventh grade. *Journal of English and Education*, 3(2), 51-64.

৪.. চ্যাটার্জি, এম . এবং চক্রবর্তী, ক . (২০১৯-২০) . *জ্ঞান ও পাঠক্রম তত্ব ও প্রয়োগ.* তৃতীয়প্রকাশ, কোলকাতা: রীতা পাবলিকেশন

৫. গরাং, রঞ্জিৎ (২০১৮). *প্রাক্-মাধ্যমিক আধুনিক ভূগোল ও পরিবেশ.* দ্বিতীয়প্রকাশ , কোলকাতা : প্রান্তিক প্রকাশনী